/

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৪১

তারিখ : ১৪ মাঘ ১৪৩২ / ২৮ জানুয়ারি ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে খরিপ মৌসুমে পাট ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.৭৪, তারিখ: ০৬-০১-২০২৬ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৪০, তারিখ: ২৭-০১-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রণোদনা কর্মসূচির আওতায় তোষা পাট (বিজেআরআই তোষাপাট ৯, বিজেআরআই তোষাপাট ৬, কেনাফ) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য উপকরণ সহায়তা বাবদ ৪৪২.৫০ লক্ষ (চার কোটি বিয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ ও প্রশিক্ষণের ব্যয় বিবরণী:

| ক্রমিক নং | উপকরণ/খাত | | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মুল্য (টাকা) | জন প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | | ১.০০ | ২৩০.০০ | ২৩০.০০ |
| ২ | সার | ডিএপি | ৫.০০ | ১৯.০০ | ৯৫.০০ |
| | | এমওপি | ৫.০০ | ১৮.০০ | ৯০.০০ |
| | | উপমোট | ১১.০০ (কেজি) | | |
| ৪ | পরিবহন ব্যয় | | | ১.৫০ কেজি প্রতি | ১৬.৫০ |
| ৫ | আনুষজ্ঞিক ও অপ্রত্যাশিত ব্যয় | | | ১.০০ কেজি প্রতি | ১১.০০ |
| | মোট | | | | ৪৪২.৫০০ |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্র. নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ৪০০ | ০.৪০০ | ২.০০০ | ২.০০০ | ৪.০০০ | ০.৯২০ | ০.৩৬ | ০.৩৮ | ০.৭৪০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১.৭৭০ |
| ২ | নরসিংদী | ৪০০ | ০.৪০০ | ২.০০০ | ২.০০০ | ৪.০০০ | ০.৯২০ | ০.৩৬ | ০.৩৮ | ০.৭৪০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১.৭৭০ |
| ৩ | মুন্সীগঞ্জ | ৬০০ | ০.৬০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০০ | ১.৩৮০ | ০.৫৪ | ০.৫৭০ | ১.১১০০ | ০.০৯৯ | ০.০৬৬ | ০.১৬৫ | ২.৬৫৫ |
| ৪ | মানিকগঞ্জ | ৮০০ | ০.৮০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০০ | ১.৮৪০ | ০.৭২ | ০.৭৬ | ১.৪৮০ | ০.১৩২ | ০.০৮৮ | ০.২২০ | ৩.৫৪০ |
| ৫ | টাংগাইল | ২৫০০ | ২.৫০ | ১২.৫০ | ১২.৫০ | ২৫.০০ | ৫.৭৫০ | ২.২৫ | ২.৩৭৫০ | ৪.৬২৫০ | ০.৪১২৫০ | ০.২৭৫ | ০.৬৮৭৫০ | ১১.০৬২৫০ |
| ৬ | কিশোরগঞ্জ | ২৪০০ | ২.৪০ | ১২.০০ | ১২.০০ | ২৪.০০ | ৫.৫২০ | ২.১৬ | ২.২৮ | ৪.৪৪০০ | ০.৩৯৬০০ | ০.২৬৪ | ০.৬৬০ | ১০.৬২০ |
| ৭ | ময়মনসিংহ | ৮০০ | ০.৮০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০ | ১.৮৪০ | ০.৭২ | ০.৭৬ | ১.৪৮০ | ০.১৩২ | ০.০৮৮ | ০.২২০ | ৩.৫৪০০ |
| ৮ | জামালপুর | ৩৮০০ | ৩.৮০ | ১৯.০০ | ১৯.০০ | ৩৮.০০ | ৮.৭৪০ | ৩.৪২ | ৩.৬১ | ৭.০৩০ | ০.৬২৭ | ০.৪১৮ | ১.০৪৫০ | ১৬.৮১৫ |
| ৯ | নেত্রকোনা | ৮০০ | ০.৮০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০০ | ১.৮৪০ | ০.৭২ | ০.৭৬ | ১.৪৮০ | ০.১৩২ | ০.০৮৮ | ০.২২০ | ৩.৫৪০০ |
| ১০ | চাঁদপুর | ৬০০ | ০.৬০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০০ | ১.৩৮০ | ০.৫৪ | ০.৫৭০ | ১.১১০০ | ০.০৯৯ | ০.০৬৬০ | ০.১৬৫ | ২.৬৫৫০ |
| ১১ | ব্রাহ্মণবাড়িয়া | ৮০০ | ০.৮০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০০ | ১.৮৪০ | ০.৭২০ | ০.৭৬০০ | ১.৪৮০০ | ০.১৩২০০ | ০.০৮৮০ | ০.২২০০০ | ৩.৫৪০০০ |
| ১২ | রাজশাহী | ২৬০০ | ২.৬০ | ১৩.০০০ | ১৩.০০০ | ২৬.০০০ | ৫.৯৮০ | ২.৩৪০ | ২.৪৭০০ | ৪.৮১০০ | ০.৪২৯০০ | ০.২৮৬০ | ০.৭১৫০০ | ১১.৫০৫০০ |
| ১৩ | নওগাঁ | ৮০০ | ০.৮০০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০০ | ১.৮৪০ | ০.৭২০ | ০.৭৬০০ | ১.৪৮০০ | ০.১৩২০০ | ০.০৮৮০ | ০.২২০০০ | ৩.৫৪০০০ |

| ক্র. নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা | উপকরণের পরিমাণ (মে.টন) | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১৪ | নাটোর | ৪০০০ | ৪.০০০ | ২০.০০০ | ২০.০০০ | ৪০.০০০ | ৯.২০০ | ৩.৬০০ | ৩.৮০০০ | ৭.৪০০০ | ০.৬৬০০০ | ০.৪৪০০ | ১.১০০০০ | ১৭.৭০০০০ |
| ১৫ | চাঁপাইনবাবগঞ্জ | ৬০০ | ০.৬০০ | ৩.০০০ | ৩.০০০ | ৬.০০০ | ১.৩৮০ | ০.৫৪০ | ০.৫৭০০ | ১.১১০০ | ০.০৯৯০০ | ০.০৬৬০ | ০.১৬৫০০ | ২.৬৫৫০০ |
| ১৬ | বগুড়া | ১৬০০ | ১.৬০০ | ৮.০০০ | ৮.০০০ | ১৬.০০০ | ৩.৬৮০ | ১.৪৪০ | ১.৫২০০ | ২.৯৬০০ | ০.২৬৪০০ | ০.১৭৬০ | ০.৪৪০০০ | ৭.০৮০০০ |
| ১৭ | জয়পুরহাট | ৬০০ | ০.৬০০ | ৩.০০০ | ৩.০০০ | ৬.০০০ | ১.৩৮০ | ০.৫৪০ | ০.৫৭০০ | ১.১১০০ | ০.০৯৯০০ | ০.০৬৬০ | ০.১৬৫০০ | ২.৬৫৫০০ |
| ১৮ | পাবনা | ৫৫০০ | ৫.৫০০ | ২৭.৫০০ | ২৭.৫০০ | ৫৫.০০০ | ১২.৬৫০ | ৪.৯৫০ | ৫.২২৫০ | ১০.১৭৫০ | ০.৯০৭৫০ | ০.৬০৫০ | ১.৫১২৫০ | ২৪.৩৩৭৫ |
| ১৯ | সিরাজগঞ্জ | ২২০০ | ২.২০০ | ১১.০০০ | ১১.০০০ | ২২.০০০ | ৫.০৬০ | ১.৯৮০ | ২.০৯০০ | ৪.০৭০০ | ০.৩৬৩০০ | ০.২৪২০ | ০.৬০৫০০ | ৯.৭৩৫০০ |
| ২০ | রংপুর | ১৪০০ | ১.৪০০ | ৭.০০০ | ৭.০০০ | ১৪.০০০ | ৩.২২০ | ১.২৬০ | ১.৩৩০০ | ২.৫৯০০ | ০.২৩১০০ | ০.১৫৪০ | ০.৩৮৫০০ | ৬.১৯৫০০ |
| ২১ | গাইবান্ধা | ২১০০ | ২.১০০ | ১০.৫০০ | ১০.৫০০ | ২১.০০০ | ৪.৮৩০ | ১.৮৯০ | ১.৯৯৫০ | ৩.৮৮৫০ | ০.৩৪৬৫০ | ০.২৩১০ | ০.৫৭৭৫০ | ৯.২৯২৫০ |
| ২২ | কুড়িগ্রাম | ২৪০০ | ২.৪০০ | ১২.০০০ | ১২.০০০ | ২৪.০০০ | ৫.৫২০ | ২.১৬০ | ২.২৮০০ | ৪.৪৪০০ | ০.৩৯৬০০ | ০.২৬৪০ | ০.৬৬০০০ | ১০.৬২০০০ |
| ২৩ | লালমনিরহাট | ৮০০ | ০.৮০০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০০ | ১.৮৪০ | ০.৭২০ | ০.৭৬০০ | ১.৪৮০০ | ০.১৩২০০ | ০.০৮৮০ | ০.২২০০০ | ৩.৫৪০০০ |
| ২৪ | নীলফামারী | ১০০০ | ১.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ২.৩০০ | ০.৯০০ | ০.৯৫০০ | ১.৮৫০০ | ০.১৬৫০০ | ০.১১০০ | ০.২৭৫০০ | ৪.৪২৫০০ |
| ২৫ | দিনাজপুর | ৮০০ | ০.৮০০ | ৪.০০০ | ৪.০০০ | ৮.০০০ | ১.৮৪০ | ০.৭২০ | ০.৭৬০০ | ১.৪৮০০ | ০.১৩২০০ | ০.০৮৮০ | ০.২২০০০ | ৩.৫৪০০০ |
| ২৬ | ঠাকুরগাঁও | ১০০০ | ১.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ২.৩০০ | ০.৯০০ | ০.৯৫০০ | ১.৮৫০০ | ০.১৬৫০০ | ০.১১০০ | ০.২৭৫০০ | ৪.৪২৫০০ |
| ২৭ | পঞ্চগড় | ১২০০ | ১.২০০ | ৬.০০০ | ৬.০০০ | ১২.০০০ | ২.৭৬০ | ১.০৮০ | ১.১৪০০ | ২.২২০০ | ০.১৯৮০০ | ০.১৩২০ | ০.৩৩০০০ | ৫.৩১০০০ |
| ২৮ | যশোর | ৩৪০০ | ৩.৪০০ | ১৭.০০০ | ১৭.০০০ | ৩৪.০০০ | ৭.৮২০ | ৩.০৬০ | ৩.২৩০০ | ৬.২৯০০ | ০.৫৬১০০ | ০.৩৭৪০ | ০.৯৩৫০০ | ১৫.০৪৫০০ |
| ২৯ | ঝিনাইদহ | ৩২০০ | ৩.২০০ | ১৬.০০০ | ১৬.০০০ | ৩২.০০০ | ৭.৩৬০ | ২.৮৮০ | ৩.০৪০০ | ৫.৯২০০ | ০.৫২৮০০ | ০.৩৫২০ | ০.৮৮০০০ | ১৪.১৬০০০ |
| ৩০ | মাগুড়া | ৪৭০০ | ৪.৭০০ | ২৩.৫০০ | ২৩.৫০০ | ৪৭.০০০ | ১০.৮১০ | ৪.২৩০ | ৪.৪৬৫০ | ৮.৬৯৫০ | ০.৭৭৫৫০ | ০.৫১৭০ | ১.২৯২৫০ | ২০.৭৯৭৫০ |
| ৩১ | কুষ্টিয়া | ৫০০০ | ৫.০০০ | ২৫.০০০ | ২৫.০০০ | ৫০.০০০ | ১১.৫০০ | ৪.৫০০ | ৪.৭৫০০ | ৯.২৫০০ | ০.৮২৫০০ | ০.৫৫০০ | ১.৩৭৫০০ | ২২.১২৫০০ |
| ৩২ | চুয়াডাঙ্গা | ২২০০ | ২.২০০ | ১১.০০০ | ১১.০০০ | ২২.০০০ | ৫.০৬০ | ১.৯৮০ | ২.০৯০০ | ৪.০৭০০ | ০.৩৬৩০০ | ০.২৪২০ | ০.৬০৫০০ | ৯.৭৩৫০০ |
| ৩৩ | মেহেরপুর | ২৮০০ | ২.৮০০ | ১৪.০০০ | ১৪.০০০ | ২৮.০০০ | ৬.৪৪০ | ২.৫২০ | ২.৬৬০০ | ৫.১৮০০ | ০.৪৬২০০ | ০.৩০৮০ | ০.৭৭০০০ | ১২.৩৯০০০ |
| ৩৪ | সাতক্ষীরা | ১৬০০ | ১.৬০০ | ৮.০০০ | ৮.০০০ | ১৬.০০০ | ৩.৬৮০ | ১.৪৪০ | ১.৫২০০ | ২.৯৬০০ | ০.২৬৪০০ | ০.১৭৬০ | ০.৪৪০০০ | ৭.০৮০০০ |
| ৩৫ | নড়াইল | ৩২০০ | ৩.২০০ | ১৬.০০০ | ১৬.০০০ | ৩২.০০০ | ৭.৩৬০ | ২.৮৮০ | ৩.০৪০০ | ৫.৯২০০ | ০.৫২৮০০ | ০.৩৫২০ | ০.৮৮০০০ | ১৪.১৬০০০ |
| ৩৬ | বরিশাল | ১৮০০ | ১.৮০০ | ৯.০০০ | ৯.০০০ | ১৮.০০০ | ৪.১৪০ | ১.৬২০ | ১.৭১০০ | ৩.৩৩০০ | ০.২৯৭০০ | ০.১৯৮০ | ০.৪৯৫০০ | ৭.৯৬৫০০ |
| ৩৭ | ফরিদপুর | ১১০০০ | ১১.০০০ | ৫৫.০০০ | ৫৫.০০০ | ১১০.০০০ | ২৫.৩০০ | ৯.৯০০ | ১০.৪৫০ | ২০.৩৫০০ | ১.৮১৫০০ | ১.২১০০ | ৩.০২৫০০ | ৪৮.৬৭৫০০ |
| ৩৮ | মাদারীপুর | ৪৯০০ | ৪.৯০০ | ২৪.৫০০ | ২৪.৫০০ | ৪৯.০০০ | ১১.২৭০ | ৪.৪১০ | ৪.৬৫৫০ | ৯.০৬৫০ | ০.৮০৮৫০ | ০.৫৩৯০ | ১.৩৪৭৫০ | ২১.৬৮২৫ |
| ৩৯ | গোপালগঞ্জ | ৩৩০০ | ৩.৩০০ | ১৬.৫০০ | ১৬.৫০০ | ৩৩.০০০ | ৭.৫৯০ | ২.৯৭০ | ৩.১৩৫০ | ৬.১০৫০ | ০.৫৪৪৫০ | ০.৩৬৩০ | ০.৯০৭৫০ | ১৪.৬০২৫০ |
| ৪০ | রাজবাড়ী | ৬৪০০ | ৬.৪০০ | ৩২.০০০ | ৩২.০০০ | ৬৪.০০০ | ১৪.৭২০ | ৫.৭৬০ | ৬.০৮০০ | ১১.৮৪০০ | ১.০৫৬০০ | ০.৭০৪০ | ১.৭৬০০০ | ২৮.৩২০০ |
| ৪১ | শরীয়তপুর | ৪০০০ | ৪.০০০ | ২০.০০০ | ২০.০০০ | ৪০.০০০ | ৯.২০০ | ৩.৬০০ | ৩.৮০০০ | ৭.৪০০০ | ০.৬৬০০০ | ০.৪৪০০ | ১.১০০০০ | ১৭.৭০০০০ |
| মোট | | ১০০০০০ | ১০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০০ | ১০০০.০০ | ২৩০.০০০ | ৯০.০০ | ৯৫.০০০ | ১৮৫.০০ | ১৬.৫০০ | ১১.০০০০ | ২৭.৫০০ | ৪৪২.৫০০ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন। কৃষি প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে এই নীতিমালা অনুযায়ী বাস্তবায়িত হবে। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. পরিবহন খাতের অর্থ জেলা সদর হতে উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজনপূর্বক উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

৬. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল পাটের প্রত্যায়িত/মানঘোষিত বীজ (জাতসমূহ: বিজেআরআই তোষাপাট ৯, বিজেআরআই তোষাপাট ৬ ও কেনাফ) বিএডিসি/বিজেআরআই হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদমগম পরীক্ষা সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে;

৭. বর্ণিত প্রণোদনা কর্মসূচির প্রয়োজনীয় বীজঃ বিজেআরআই তোষাপাট ৯ এর ৬ মে.টন ও কেনাফ ৪ মে.টন পাট বীজ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এবং অবশিষ্ট ৯০ মে.টন বীজ বিএডিসি কর্তৃক সরবরাহ করা হবে।

৮. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য পাট বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৯. খরিপ-১/২০২৫-২৬ মৌসুমে পাট চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, পাট চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পাট চাষের জন্য ০১ কেজি করে পাট বীজ, ০৫ কেজি করে ডিএপি সার ও ০৫ কেজি করে এমওপি সার সহায়তা পাবেন। কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

১০. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৪১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইল** যোগে admonitoring@dae.gov.bd/ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইল যোগে** (ddmonitoring@yahoo.com) প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৪১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

**১৪. সার, বীজ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

**১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**

১৬. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ ও সার সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

২৮/০১/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪১ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৪৯

তারিখ : ১৪ মাঘ ১৪৩২ / ২৮ জানুয়ারি ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮/০১/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব